57

আজকের কাগজ

তারিখ 2 0 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ২

# '৪২০টি এনজিও গণস্বাক্ষরতার পক্ষে কাজ করছে'

**কাগজ প্রতিবেদক :** প্রখ্যাত বিজ্ঞানী, 'গণস্বাক্ষরতা অভিযানের' প্রধান ড. আবদুল্লাহ্ আল মুতী শরফুদ্দীন বলেছেন, দেশের ৪২০টি বেসরকারি সংস্থা (এজিও) গণস্বাক্ষরতার পক্ষে কাজ করছে। চলতি বছর ডাক জরিপ থেকে এ তথ্য পাওয়া গেছে। তিনি বলেন, দেশের মৌলিক প্রাথমিক শিক্ষার জন্যে যথেষ্ট প্রচার-প্রচারণা হচ্ছে না। সরকার পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলোর সাধারণের মানের চেয়ে এনজিওগুলোর বিদ্যালয়ের মান অনেক ভালো। কারণ, এনজিওগুলো তাদের বিদ্যালয় তদারকির জন্যে ৩০ শতাংশ খরচ করে। গতকাল ঢাকায় গণস্বাক্ষরতা অভিযান কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক গণস্বাক্ষরতা দিবস। দিবসটিকে সামনে রেখে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ড. শরফুদ্দীন বলেন, সরকারি হিসেব আগে ২৪ শতাংশ প্রাথমিক শিক্ষায় শিক্ষিত বলা হতো। কিন্তু এখন এই হার ৩৬ শতাংশ বলা হচ্ছে। তবে এই ৩৬ শতাংশের মধ্যে বয়স্ক শিক্ষাও যে অন্তর্ভুক্ত প্রায়ই সে কথা বলা হচ্ছে না।

তিনি উপস্থিত সাংবাদিকদের কাছে শিক্ষা বিষয়ক পাতা অথবা আলাদা বিভাগের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি অভিযোগ করেন যে, সার্বিক শিক্ষার পরিমাণগত দিক নিয়ে পত্র-পত্রিকায় সংবাদ বেশি হচ্ছে। কিন্তু শিক্ষার গুণগত দিক অর্থাৎ মানের বিষয়ে তেমন সংবাদ হচ্ছে না। খবর কম আসছে।